**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৯১-আইন/২০২৬/৪৬/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটর বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিন পর কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।–** (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “**আইন**” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) “**ইনল্যান্ড কন্টেইনার ডিপো** (ICD)” অর্থ আইনের ধারা ৮ এর অধীন ঘোষিত ইনল্যান্ড কন্টেইনার ডিপো;

(গ) “**কন্টেইনার**” অর্থ পণ্য ধারণ বা পরিবহনে ব্যবহৃত সম্পূর্ণ বোঝাইকৃত, আংশিক বোঝাইকৃত অথবা International Organization for Standardization (ISO) মানের খালি কন্টেইনার, যাহা স্প্রেডার বা অন্যান্য ইকুইপমেন্ট এর মাধ্যমে হ্যান্ডেলিং করা যায়;

(ঘ) “**কন্টেইনার ফ্রেইট স্টেশন**” অর্থ আইনের ধারা ১২ অনুযায়ী স্বীকৃত হ্যান্ডেলিং ব্যবস্থা সম্বলিত কাস্টমস বন্ডেড ওয়্যারহাউস বা এরিয়া যেখান প্রধানত রপ্তানিতব্য পণ্য পরীক্ষা ও খালি কন্টেইনার স্টাফিং করা হয়, কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট আমদানি পণ্য সিল্ড কন্টেইনারে পরিবহন ও খালাস প্রদান করা হয় অথবা উক্ত এক বা একাধিক ধরণের কার্যাবলি পরিচালনা করা হয়;

(ঙ) "**বোর্ড**" অর্থ The National Board of Revenue Order, 1972 (President's order No. 76 of 1976) এর অধীন গঠিত National Board of Revenue;

(চ) "**কাস্টমস বন্ডেড এরিয়া**" অর্থ আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ছাড়প্রদান বা নিষ্পত্তির পূর্বে সাধারণ সংরক্ষণের স্থান;

(ছ) "**বন্দর**" অর্থ সমুদ্র বন্দর, বিমান বন্দর, নদী বন্দর এবং স্থল বন্দর;

(জ) "**বেসরকারি বন্দর/টার্মিনাল**" অর্থ একটি কাস্টমস বন্ডেড এরিয়া যা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বন্দর হিসেবে কার্যক্রম পরিচালনার নিমিত্ত অনুমোদিত বেসরকারি মালিকানা বা ব্যবস্থাপনায় পরিচালিত কোনো স্থান ও স্থাপনা যাহার মধ্যে জেটি, পিয়ার্স, হোয়ার্ফ, ট্রানজিট শেড, ওয়্যারহাউস ও উন্মুক্ত সংরক্ষণ স্থান অন্তর্ভুক্ত যেখানে প্রচলিত ব্রেকবাল্ক বা স্ট্রিপড কন্টেইনারজাত কার্গো বা অন্য কোনো কার্গো আমদানিকৃত ও রপ্তানিতব্য পণ্য গ্রহণ, হ্যান্ডলিং, পরীক্ষণ, খালাস এবং সংরক্ষণ করা হয়;

(ঝ) "**বন্দর কর্তৃপক্ষ**" অর্থ সংশ্লিষ্ট বন্দর আইন এর অধীন গঠিত বন্দর কর্তৃপক্ষ;

(ঞ) "**ওয়্যারহাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ**" অর্থ বলবৎ ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালায় সংজ্ঞায়িত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ট) "**Certificate of Authority to Operate**" অর্থ বন্দর কর্তৃপক্ষ বা যথাযথ কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির ভিত্তিতে এবং আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান মোতাবেক বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেবে কার্যক্রম পরিচালনার নিমিত্ত কমিশনার অব কাস্টমস কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র;

(ঠ) "**কাস্টমস প্রাঙ্গন**" অর্থ কাস্টমস কর্তৃপক্ষের দাপ্তরিক কার্যক্রম সংশ্লিষ্ট ভবন, স্থাপনা, গুদাম, বন্দর, অবকাঠামো এবং অন্যান্য স্থান যাহা কমিশনার অব কাস্টমস এর নিয়ন্ত্রণাধীন ও ব্যবস্থাধীন হইবে;

(ড) "**সংশ্লিষ্ট কমিশনার**" অর্থ বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস;

(ঢ) "**জেটি**" অর্থ পণ্য বা পণ্যশ্রেণি লোডিং বা খালাসের কাজে ব্যবহৃত আইনের ধারা ৯ এর অধীন ঘোষিত কাস্টমস বন্দর এর কোনো স্থান;

(ণ) “**বিপদজনক বা ক্ষতিকারক পণ্য**” অর্থ International Maritime Dangerous Goods (IMDG) Code বা আইনে সংজ্ঞায়িত পণ্য, দ্রব্য বা বস্তু যাহাদের ঝুঁকিপূর্ণ বৈশিষ্ট্যের কারণে সাধারণ গুদামে সংরক্ষণ করা যায় না বা বিশেষায়িত সংরক্ষণ ব্যবস্থার প্রয়োজন হয়;

(ত) “**ইলেকট্রনিক কার্গো ট্র্যাকিং সিস্টেম (ECTS)**” অর্থ কার্গো পরিবহনের ক্ষেত্রে গ্লোবাল পজিশনিং সিস্টেম (GPS) বা অন্যবিধ তথ্যপ্রযুক্তিনির্ভর পদ্ধতির মাধ্যমে বাস্তব সময়ভিত্তিক (Realtime) পর্যবেক্ষণ ও তদারকির ব্যবস্থা; এবং

(থ) “**অপারেটর**” অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেবে নিয়োজিত লাইসেন্সপ্রাপ্ত অপারেটর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

**৩। প্রযোজ্যতা।**— (১) বিদ্যমান ও স্থাপিতব্য সকল বেসরকারি বন্দর ও টার্মিনাল এর ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে।

(২) এই বিধিমালা কার্যকরের পূর্বে বেসরকারি বন্দর ও টার্মিনাল অপারেটর নিয়োগ সংক্রান্ত গৃহীত বা সম্পন্ন সকল কার্যক্রম এই বিধিমালার আওতায় গৃহীত বা সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্তরূপ বেসরকারি বন্দর ও টার্মিনাল অপারেটর এই বিধিমালা কার্যকরের পরবর্তী ৩ (তিন) মাস [যাহা কমিশনার অব কাস্টমস কর্তৃক ১ (এক) বছর পর্যন্ত বর্ধিত করা যাইবে] সময়ের মধ্যে এই বিধিমালার পরিপালন নিশ্চিত করিবে।

**৪। বেসরকারি বন্দর ও টার্মিনাল অপারেটর হিসেবে নিয়োগলাভের শর্তাবলি ও যোগ্যতা।-**

(১) **সাধারণ শর্তাবলি-**

(ক) প্রতিষ্ঠানটিকে কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধন পরিদপ্তর (RJSC) তে নিবন্ধিত একটি লিমিটেড কোম্পানি হইতে হইবে;

(খ) প্রতিষ্ঠানটির দেশীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে বন্দর বা টার্মিনাল অপারেটর পরিচালনা সংক্রান্ত অন্তত ৫ (পাঁচ) বৎসরে সন্তোষজনক অভিজ্ঞতা থাকিতে হইবে, এবং উক্ত সময়ে কোনো গুরুতর অপরাধের প্রমাণিত রেকর্ড থাকা যাইবে না;

(গ) প্রতিষ্ঠানটির হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যবসায় শনাক্তকরণ নম্বর (BIN) , করদাতা শনাক্তকরণ নম্বর (TIN), ফায়ার লাইসেন্স, অগ্নি ও দুর্যোগ বিমা সনদ, পরিবেশ অধিদপ্তরের অনুমতিপত্র, বন্দর কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দপ্তরের অনুমতিপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) প্রস্তাবিত স্থাপনার বিস্তারিত লেআউট প্ল্যান দাখিল করিতে হইবে যেখানে পণ্য পরীক্ষণ এলাকা, নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) এলাকা, আটক বা জব্দকৃত বা পরিত্যক্ত পণ্যের সংরক্ষণ এলাকা, লোডিং-আনলোডিং এলাকা এবং কাস্টমস অফিসের জন্য নির্দিষ্ট এলাকা চিহ্নিত থাকিবে;

(ঙ) প্রস্তাবিত জমির মালিকানা দলিল বা দীর্ঘমেয়াদী লিজ চুক্তিপত্রের কপি দাখিল করিতে হইবে।

(২) **অবকাঠামো ও লজিস্টিকস সংক্রান্ত শর্তাবলি-** অপারেটরকে কমিশনার অব কাস্টমস এর নিকট সন্তোষজনক বিবেচ্য উপযোগী নিম্নোক্ত অবকাঠামো বা সরঞ্জামাদি বা সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে-

(ক) পণ্য লোডিং, আনলোডিং, স্ট্যাকিং, হ্যান্ডলিং, স্টাফিং, ডি-স্টাফিং, কনসোলিডেশন ইত্যাদির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও দক্ষ জনবল;

(খ) আমদানি, রপ্তানি এবং ট্রান্সশিপমেন্ট পণ্যের জন্য পৃথক সংরক্ষণাগার;

(গ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহজে চলাচলযোগ্য এবং নারী-বান্ধব কর্মপরিবেশ;

(ঘ) কাস্টমস অপারেশনস, অভিযান ও নিবারক কার্যক্রম পরিচালনা এবং বেসরকারি বন্দর ও টার্মিনালে নোঙ্গরকৃত, আগমনরত বা প্রস্থানরত জাহাজ বা জলযানে আরোহণ, নিয়ন্ত্রণ বা পথনির্দেশের জন্য প্রয়োজনীয় সংখ্যক আধুনিক স্পীডবোট, টাগবোট বা অন্যান্য জলযান;

(ঙ) Less than Container Loaded (LCL) কার্গো সংরক্ষণ ও পরীক্ষণের জন্য স্বতন্ত্র শেড;

(চ) অত্যাধুনিক অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সরঞ্জাম, যন্ত্রপাতি ও ব্যবস্থাপনা;

(ছ) ভারী যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ব্যবহার উপযোগী অপারেশনাল এরিয়া ও স্ট্যাকিং ইয়ার্ড;

(জ) International Ship and Port Facility Security (ISPS) Standard এবং WCO SAFE Standard অনুযায়ী উপযুক্ত সীমানা প্রাচীর;

(ঝ) কাস্টমস কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী ইলেকট্রনিক ওজন ও অন্যান্য পরিমাপক যন্ত্র;

(ঞ) নিরবিচ্ছিন্ন হাইস্পিড ইন্টারনেট, বিদ্যুৎ ও পানির সংযোগ;

(ট) কার্গো ট্র্যাকিং এবং দলিলাদি প্রক্রিয়াকরণ উপযোগী আধুনিক আইসিটি সিস্টেম;

(ঠ) কাস্টমস সিস্টেম এর সাথে সংযুক্ত API/Web Services এর ইন্টিগ্রেশন;

(ড) ASYCUDA World, অন্যান্য কাস্টমস সিস্টেম, ডাটা সেন্টার এবং অংশীজন ও অন্যান্য সংস্থার সাথে তথ্য বিনিময়ের নিমিত্ত নিরাপদ সংযোগের জন্য পর্যাপ্ত শীতাতপ নিয়ন্ত্রিত স্থান, সার্বক্ষণিক পাওয়ার ব্যাকআপ, হার্ডওয়্যার, নেটওয়ার্কিং ও যন্ত্রপাতি স্থাপন;

(ঢ) নিলামযোগ্য/ পচনশীল/ অখালাসকৃত/ বাজেয়াপ্তকৃত/ পরিত্যক্ত/ তাপমাত্রা সংবেদনশীল পণ্যের স্বতন্ত্র সংরক্ষণ এবং নিলাম ব্যবস্থাপনা ও কোয়ারেন্টাইন কার্যক্রমের জন্য পৃথক সুরক্ষিত স্থান;

(ণ) নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) স্ক্যানার ও সরঞ্জামাদি ইনস্টলেশন সুবিধা;

(ত) কাস্টমস কর্তৃপক্ষ, অপারেটর কর্তৃপক্ষ ও অংশীজনদের জন্য ক্যান্টিন, প্রার্থনা কক্ষ, বিশ্রামাগার, টয়লেট ইত্যাদি বন্দোবস্তকরণ;

(থ) কার্গোবাহী যানবাহন গমনাগমন ও প্রয়োজনে নিয়ন্ত্রণ উপযোগী গেইট ও গেইট হাউস নির্মাণ, ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা, অভ্যন্তরীণ সার্ভিস রোড এবং পর্যাপ্ত পার্কিং এরিয়া;

(দ) ২৪/৭ সিসিটিভি ও বিভিন্ন ক্যামেরায় নজরদারি এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক তা তদারকির ব্যবস্থা;

(ধ) আধুনিক সুয়ারেজ ব্যবস্থা এবং ওয়্যারহাউসের মেঝের উচ্চতা স্বাভাবিক পানির প্রবাহ থেকে নিরাপদ উচ্চতায় থাকিতে হইবে; এবং

(ন) কমিশনার অব কাস্টমস কর্তৃক নির্ধারিত অন্যান্য যেকোনো সুবিধা ও ব্যবস্থা বন্দোবস্তকরণ।

(৩) **নিরাপত্তা ও সুষ্ঠু কর্মপরিবেশ বাস্তবায়ন সংক্রান্ত শর্তাবলি-** অপারেটরকে সংশ্লিষ্ট কমিশনার এর নিকট সন্তোষজনক বিবেচ্য উপযোগী নিম্নোক্ত নিরাপত্তা ও সুষ্ঠু কর্মপরিবেশ সংক্রান্ত সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে, যথা:-

(ক) International Ship and Port Facility Security (ISPS) Code অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ISPS পরিপালন সনদ অর্জন করা;

(খ) WCO SAFE Framework of Standard অনুযায়ী প্রাঙ্গনের নিরাপত্তা কাঠামো তৈরিকরণ;

(গ) আন্তর্জাতিক মানের কার্যকর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা যারমধ্যে ২৪ ঘণ্টা নিরাপত্তা স্কিম, সিসিটিভি মনিটরিং ও অন্যান্য নিরাপত্তা ডিভাইস স্থাপন অন্তর্ভুক্ত;

(ঘ) বেআইনি প্রবেশ প্রতিরোধে অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম এবং ডিজিটাল এন্ট্রি বা এক্সিট রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা;

(ঙ) আইটি-ইনফ্রাস্ট্রাকচার, তথ্যপ্রযুক্তি ব্যবস্থা এবং সংশ্লিষ্ট সকল সফটওয়্যার এর অবকাঠামোগত ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করা;

(চ) কাস্টমস সিস্টেম, ASYCUDA এবং এর API/Web services এর অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ এবং অপব্যবহার রোধে ব্যবস্থা গ্রহণ;

(ছ) দুর্ঘটনা ও প্রাকৃতিক দুর্যোগের কথা বিবেচনায় সুরক্ষিত ডাটা ব্যাকআপ ও রিকভারি ব্যবস্থা তৈরি করা এবং কাস্টমস কর্তৃপক্ষের নিকট সেসবের এক্সেস প্রদান করা;

(জ) নিরাপত্তা নিশ্চিত করতে অনুমোদিত বেসরকারি নিরাপত্তা প্রতিষ্ঠান বা নিজস্ব নিরাপত্তা বাহিনী নিয়োজিতকরণ;

(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে মূল্যবান ও বিশেষায়িত পণ্য যেমন- মুদ্রা, মূল্যবান ধাতু, সিকিউরিটি পেপার, স্ট্যাম্প পেপার, অস্ত্র ও গোলাবারুদ ইত্যাদি সংরক্ষণের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ও সুরক্ষার বন্দোবস্তকরণ;

(ঞ) প্রাথমিক স্বাস্থ্যসেবা ও এম্বুলেন্স এর বন্দোবস্তকরণ; এবং

(ট) বিপদজনক ও দাহ্য পদার্থ/কার্গো সংরক্ষণ ও হ্যান্ডলিং এর ক্ষেত্রে International Maritime Dangerous Goods (IMDG) guidelines বাস্তবায়ন।

(৪) **নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত শর্তাবলি-**

(ক) অপারেটরকে কমিশনার অব কাস্টমস এর সন্তুষ্টি মোতাবেক নন-ইনট্রুসিভ ইন্সপেকশন কর্মকাণ্ডের জন্য নির্ধারিত এলাকা সংরক্ষণ, এতদসংক্রান্ত সরঞ্জামাদি স্থাপন ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে;

(খ) অপারেটরকে কমিশনার অব কাস্টমস এর সাথে আলোচনাক্রমে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি পরিচালনা ও নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় দেশি-বিদেশি প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(গ) অপারেটরকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস ২৪/৭ সচল বা ব্যবহার উপযোগী রাখা এবং উক্ত কাজে পর্যাপ্ত জনবল নিয়োজিত করিতে হইবে;

(ঘ) অপারেটর কমিশনার অব কাস্টমস এর পূর্বানুমতি ব্যতিরকে কোনো নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি অপসারণ বা বাতিল করিতে পারিবে না।

(৫) **কাস্টমস কর্মকর্তা- কর্মচারীগণের জন্য উপযুক্ত কর্মস্থল ও কর্মপরিবেশ এবং লজিস্টিকস ও সুবিধাদি বন্দোবস্ত করা সংক্রান্ত শর্তাবলি-** অপারেটরকে সংশ্লিষ্ট কমিশনার এর নিকট কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণের জন্য

সন্তোষজনক বিবেচ্য উপযোগী নিম্নোক্ত উপযুক্ত কর্মস্থল ও কর্মপরিবেশ এবং লজিস্টিকস ও সুবিধাদি বন্দোবস্ত করিতে হইবে, যথা:-

(ক) কাস্টমস কর্তৃপক্ষের জন্য অপারেটর এর নিজস্ব ব্যবস্থাপনায় পৃথক, সুসজ্জিত ও আধুনিক অফিস স্পেস, মিটিং/কনফারেন্স রুম, অফিস সরঞ্জাম ও স্টেশনারি, ইমেজ মনিটরিং সেন্টার, কম্পিউটার, ইন্টারনেট, টেলিফোন, ফ্যাক্স, প্রিন্টার, স্ক্যানার, ওয়াকিটকি, নেটওয়ার্কিং ও রেডিও যোগাযোগ ব্যবস্থা, রেকর্ড সংরক্ষণের জন্য সুরক্ষিত স্থান এবং সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে;

(খ) অপারেটরকে কাস্টমস কর্তৃপক্ষের স্বাভাবিক দৈনন্দিন কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় অফিস সরঞ্জাম, ষ্টেশনারী সরবরাহ করিতে হইবে;

(গ) কাস্টমস কর্তৃপক্ষের কর্মস্থল বা এলাকা পর্যাপ্ত হইতে হইবে যাতে তাঁদের জিম্মায় দলিলাদি, নথিপত্র এবং রেকর্ডসমূহ সুসংরক্ষণ করা যায়;

(ঘ) অপারেটরকে কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণের দাপ্তরিক যাতায়াত ও কাজের জন্য প্রয়োজনীয় যানবাহনের বন্দোবস্ত করিতে হইবে এবং দীর্ঘমেয়াদী শিফটে দায়িত্ব পালনের ক্ষেত্রে উপযুক্ত বিশ্রামাগারের বন্দোবস্ত করিতে হইবে;

(ঙ) শহর এবং আধুনিক নাগরিক সুবিধা সংবলিত স্থান হইতে দূরবর্তী স্থানে অবস্থিত বেসরকারি বন্দর বা টার্মিনালের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের জন্য আধুনিক ও মানসম্মত আবাসনের বন্দোবস্ত করিতে হইবে; এবং

(চ) অপারেটরকে সংশ্লিষ্ট কমিশনার এর নিকট যথাযথ ও প্রয়োজনীয় বিবেচ্য অন্যান্য সকল সুবিধা বন্দোবস্ত করিতে হইবে।

(৬) **অতিরিক্ত মেয়াদে অবস্থানকারী কার্গো ও খালি কনটেইনারের ক্ষেত্রে রিপোর্টিং-**

(ক) অপারেটরকে প্রতি সপ্তাহ সমাপনান্তে কমিশনার অব কাস্টমস এর নিকট অতিরিক্ত মেয়াদে অবস্থানকারী কার্গো ও খালি কনটেইনার সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে;

(খ) অপারেটরকে বলবৎ আইন ও বিধি অনুসারে নিলামযোগ্য ও ধ্বংসযোগ্য পণ্যের আলাদা সাপ্তাহিক প্রতিবেদন তৈরি করে সংশ্লিষ্ট ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে।

(৭) **পণ্যের ক্ষতি বা হারানোর ক্ষেত্রে দায়দায়িত্ব-**

(ক) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের গ্রহণ, সংরক্ষণ, সরবরাহ, নিষ্পত্তি অথবা অন্যবিধ ব্যবস্থাপনাকালে যেকোনো ধরণের দুর্ঘটনা, ক্ষয়ক্ষতি, বিচ্যুতি, ধ্বংস বা হারানোর ক্ষেত্রে যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করা হইবে মর্মে বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটরকে কমিশনার অব কাস্টমস বরাবর নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে;

(খ) অপারেটরের গাফিলতি বা ইচ্ছাকৃত ভুলের কারণে পণ্যের ক্ষয়ক্ষতি বা হারানোর ক্ষেত্রে প্রযোজ্য সমুদয় শুল্ক-করাদি অপারেটরকে পরিশোধ করিতে হইবে।

(৮) **ক্ষতিপূরণের বিপরীতে গ্যারান্টি-** অতিরিক্ত সুরক্ষা হিসেবে অপারেটর কর্তৃক কমিশনার অব কাস্টমস এর বরাবর তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত ২৫ (পঁচিশ) কোটি টাকা মূল্যমানের নিঃশর্ত ও অব্যহত ব্যাংক গ্যারান্টি সহ বন্ড দাখিল করিতে হইবে যাহাতে পণ্যের ক্ষয়ক্ষতি বা হারানোর অথবা সরকারি সম্পদ, স্থাপনা, যানবাহন ও অবকাঠামোর ক্ষয়ক্ষতির ক্ষেত্রে যথাযথ ক্ষতিপূরণ বা প্রযোজ্য শুল্ক-করাদি আদায় এবং আইন ও বিধি মোতাবেক পরিপালন (Compliance) নিশ্চিত করা যায়।

(৯) **ব্যাংকিং ব্যবস্থা-** রাজস্ব এবং অন্যান্য ফি আদায়ের জন্য প্রত্যেক বেসরকারি বন্দর/ টার্মিনাল প্রাঙ্গনের পাশে বা নিকটবর্তী স্থানে তফসিলি ব্যাংক এর শাখা/বুথ স্থাপন করার উদ্যোগ গ্রহণ করিতে হইবে।

(১০) **বেসরকারি বন্দর/ টার্মিনাল পরিদর্শন-** কমিশনার অব কাস্টমস বা তৎকর্তৃক মনোনীত কাস্টমস কর্মকর্তাগণ নিয়মিত বেসরকারি বন্দর এবং টার্মিনাল পরিদর্শন করিবেন এবং বার্ষিক ইনভেন্টরি ও রিকন্সিলিয়েশন করিবেন এবং এইক্ষেত্রে অপারেটর পূর্ণ সহযোগিতা নিশ্চিত করিবেন।

(১১) **কাস্টমস এর অনুসন্ধান ও তদন্তকাজে সহযোগিতা-** অপারেটর কাস্টমস কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক সময় সময় সকল নথি, তথ্য, সফটওয়্যার

ও ক্লাউড অ্যাক্সেস এবং প্রয়োজনীয় বিবৃতি/ এফিডেভিট প্রদান করিবেন এবং কাস্টমস এর পরিচালিত অনুসন্ধান ও তদন্তকাজে পূর্ণ সহযোগিতা নিশ্চিত করিবেন।

**৫। বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটরের দায়িত্বসমূহ।-** (১) অপারেটরকে নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করিতে হইবে, যথা:-

(ক) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের সকল শর্ত পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(খ) আমদানিকৃত ও রপ্তানিতব্য বা ট্রান্সশিপমেন্ট এর জন্য আনীত সকল পণ্যের সপক্ষে প্রমাণক দলিলাদি, উক্ত পণ্যসমূহের হ্যান্ডলিং ও নিষ্পত্তি সংক্রান্ত প্রমাণক দলিলাদি সংরক্ষণ করিতে হইবে এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র সেগুলো উপস্থাপন করিতে হইবে;

(গ) আমদানিকৃত ও রপ্তানিতব্য বা ট্রান্সশিপমেন্ট এর জন্য আনীত সকল পণ্যের হ্যান্ডলিং ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন বা সহজলভ্য আকারে উপস্থাপনের বন্দোবস্ত করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত ও রপ্তানিতব্য বা ট্রান্সশিপমেন্ট এর জন্য আনীত পণ্যের ধরণ, উৎস, গন্তব্য ইত্যাদি অনুসারে স্বতন্ত্র স্থানে ও যথাযথ পদ্ধতিতে এবং কমিশনার অব কাস্টমস এর নিকট সন্তোষজনক বিবেচিত হওয়া উপযোগী করে সংরক্ষণ করিতে হইবে;

(ঙ) বলবৎ আইন ও বিধির পরিপালন ব্যতিরেকে অথবা কাস্টমস কর্তৃপক্ষের রাজস্ব কর্মকর্তা বা তদূর্ধ্ব কর্মকর্তা কর্তৃক যথাযথ অনুমোদন ব্যতীত কাস্টমস বন্ডেড এলাকা হইতে পণ্য অপসারণ করা যাইবে না;

(চ) বিল অফ এক্সপোর্ট, শিপিং বিল ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি ব্যতিরেকে কোনো রপ্তানি পণ্যচালান ওয়্যারহাউসে প্রবেশ করানো যাইবে না;

(ছ) আইন মোতাবেক কাস্টমস কর্তৃপক্ষ বা কাস্টমস কম্পিউটার সিস্টেমে আমদানি মেনিফেস্ট দাখিল ব্যতিরেকে কোনো পণ্য কাস্টমস এরিয়ায় প্রবেশ বা আনলোড করা যাইবে না;

(জ) অপারেটর তাহার ওয়্যারহাউসে প্রবেশকৃত সকল পণ্যচালানের সুরক্ষা ও নিরাপত্তার জন্য জিম্মাদার হইবেন;

(ঝ) অপারেটর তাহার ওয়্যারহাউসে/ বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের শুল্ক করাদি পরিশোধ এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(ঞ) অপারেটর তাঁর ওয়্যারহাউসে/ বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের এক কাস্টমস স্টেশন হইতে অন্য কাস্টমস হাউস/স্টেশনে স্থানান্তরের ক্ষেত্রে শুল্ক করাদি এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(ট) কাস্টমস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্তকৃত পণ্যের উপর কমিশনার অব কাস্টমস এর অনুমতি ব্যতিরেকে অপারেটর কোন ভাড়া বা মাশুল আরোপ করিতে পারিবে না;

(ঠ) অপারেটর ওয়্যারহাউসে মজুদকৃত, পরিত্যক্ত, নির্ধারিত মেয়াদে অখালাসকৃত এবং বাজেয়াপ্তকৃত পণ্য আইন মোতাবেক নিষ্পত্তির ব্যবস্থা করিবে;

(ড) সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতি ব্যতিরেকে ওয়্যারহাউসে প্রবেশ ও বহির্গমন গেইট এবং সীমানা প্রাচীর এর কাঠামোর কোনরূপ পরিবর্তন করা যাইবে না;

(ঢ) সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতি ব্যতিরেকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি স্থাপনের স্থান বা অবকাঠামোতে কোনরূপ পরিবর্তন করা যাইবে না;

(ণ) সংশ্লিষ্ট কমিশনার এর নিকট সন্তোষজনক বিবেচ্য উপযোগী কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি এর স্থাপন, ব্যবহার, রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান ব্যতিরেকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি স্থাপন বিষয়ক কোনও কার্যক্রম গ্রহণ করা যাইবে না;

(ত) অংশীজন ও ব্যবহারকারীদের নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের নিমিত্ত ২৪/৭ কাস্টমার সেবা কেন্দ্র চালু রাখিতে হইবে;

(থ) তথ্যপ্রযুক্তিভিত্তিক ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম চালু করিতে হইবে, যার আওতায় ওয়্যারহাউসে মজুদকৃত, পরিত্যক্ত, নির্ধারিত মেয়াদে অখালাসকৃত এবং বাজেয়াপ্তকৃত পণ্য হিসাবরক্ষণ ব্যবস্থাপনা করা হইবে, উক্ত সিস্টেম কার্গো চলাচলের রিয়েল টাইম অবস্থান সনাক্ত করিতে পারিবে এবং একইসাথে সিস্টেম

ব্যবহারকারী অংশীজনদের ECTS (Electronic Cargo Tracking System) বা তদ্রুপ কোন মোবাইল এপস এর মাধ্যমে নিজ নিজ এখতিয়ার অনুসারে কার্গো স্ট্যাটাস যাচাই করিতে পারিবে;

(দ) নিজস্ব আধুনিক One Stop Service Centre (OSS) বা On-Line Release System (OLRS) স্থাপন করিতে হইবে যাহা কাস্টমস কম্পিউটার সিস্টেম বা Asycuda World এর সাথে ইলেক্ট্রনিক ডাটা ট্রান্সফার ও আন্তঃসংযোগের নিমিত্ত সংযুক্ত হইবে;

(ধ) নিরাপত্তা ও সুরক্ষার আন্তর্জাতিক মান বজায় রেখে কাস্টমস কর্মকর্তা- কর্মচারীগণকে বন্দর বা টার্মিনাল প্রাঙ্গনের সর্বত্র নির্বিঘ্ন প্রবেশাধিকার প্রদান করিতে হইবে;

(ন) অপারেটরকে কমিশনারের নির্দেশনা অনুযায়ী কাস্টমস কর্মকর্তাদের Merchant Overtime (MOT) প্রদান করিতে হইবে;

(প) কাস্টমস কর্তৃপক্ষ লিখিতভাবে চাইলে ০৫ (পাঁচ) দিনের মধ্যে সকল নথি, তথ্যপ্রযুক্তি/ সফটওয়্যার এর এক্সেস বিবৃতি, এফিডেভিট প্রদান করিতে হইবে;

(ফ) সিসিটিভি ক্যামেরা ফুটেজ অন্তত ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সংরক্ষণ করার ব্যবস্থা করিতে হইবে এবং উপযুক্ত কাস্টমস কর্মকর্তার চাহিদা মোতাবেক যে কোন ফুটেজ সরবরাহ করিতে হইবে;

(ব) কাস্টমস কর্তৃপক্ষের নিকট নিয়মিত নিম্নরূপ রিপোর্ট দাখিল করিতে হইবে-

(১) দিনভিত্তিক জাহাজ থেকে খালাসকৃত এবং অপারেটর কর্তৃক গ্রহণকৃত পণ্যের (LCL/FCL/Empty/Bulk-সহ সকল) তথ্য সংবলিত প্রতিবেদন;

(২) দিনভিত্তিক খালাসকৃত পণ্যের (LCL/FCL/Empty/ Bulk-সহ সকল) তথ্য সংবলিত প্রতিবেদন;

(৩) সপ্তাহভিত্তিক নির্ধারিত মেয়াদে অখালাসকৃত পণ্যের (LCL/FCL/Empty/Bulk-সহ সকল) তথ্য সংবলিত প্রতিবেদন;

(৪) লোডেড-সীলকৃত, খালি ও রিফার কন্টেইনার এর ইয়ার্ড ব্যবহার সংক্রান্ত তথ্য সংবলিত প্রতিবেদন; এবং

(৫) কমিশনার অব কাস্টমস এর চাহিদা মোতাবেক অন্যান্য যে কোনো ধরণের তথ্য সংবলিত প্রতিবেদন;

(ভ) বন্দর কর্তৃপক্ষের বলবৎ আইন-বিধি এবং কনসেশন চুক্তির শর্ত বহির্ভূত কোনোরূপ বাড়তি ফি বা মাশুল আরোপ করা যাইবে না;

(ম) বলবৎ আইন ও বিধি মোতাবেক সকল প্রকার সরকারি ফি ও চার্জ, আয়কর, মূসক ও অন্যান্য করাদি নিয়মিত ও যথাসময়ে পরিশোধ এবং এ সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ করিতে হইবে;

(য) দায়িত্ব পালনকারী সকল কর্মকর্তা-কর্মচারীদের হালনাগাদ তথ্য সুসংরক্ষণ করিতে হইবে এবং বয়স উল্লেখ সহকারে পরিচয়পত্র সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করিতে হইবে;

(র) সকল কর্মকর্তা-কর্মচারী নিয়োগদানের ক্ষেত্রে বলবৎ বাংলদেশ শ্রম আইন ও সহযোগী আইনসমূহের বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(ল) যথাসম্ভব নবায়নযোগ্য ও পরিবেশবান্ধব শক্তির ব্যবহার এবং কার্বন নিঃসরণ কমানো নিশ্চিত করিতে হইবে;

(২) অপারেটর তাহার প্রাঙ্গন কোনোরূপ বিক্রয়, হস্তান্তর বা ভাড়া প্রদান করিতে পারিবে না এবং কমিশনার অব কাস্টমস এর লিখিত অনুমতি ব্যতিরেকে অন্যবিধ কোনো কর্মকান্ড করিতে পারিবে না, এবং তাহার উপর অর্পিত দায়িত্ব কোনোরূপ সাব কন্ট্রাক্ট বা আউটসোর্স করিতে পারিবে না;

(৩) অপারেটর তাহার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং অন্যান্য দৃশ্যমান স্থানসমূহে সার্ভিস চার্জ ও ফি এর হালনাগাদ তালিকা নিয়মিত আপলোড ও প্রচারের ব্যবস্থা করিবেন।

**৬। শিথিলকরণ ও নিয়ন্ত্রণের ক্ষমতা।**— (১) যদি কমিশনার অব কাস্টমস এই মর্মে সন্তুষ্ট হন যে, অপারেটর তার নিয়ন্ত্রণের বাহিরে থাকা বৈধ কারণে বিধি ৫-এর কোনো শর্ত সাময়িকভাবে পূরণ করিতে অক্ষম, তাহা হইলে কমিশনার লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করিয়া, উক্ত শর্ত সাময়িকভাবে একবার এবং নির্দিষ্ট সময়ের জন্য শিথিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ কোনো শর্ত শিথিল করা যাইবে না যদি তাতে প্রাঙ্গনের বা ওয়্যারহাউসের নিরাপত্তা বা সুরক্ষা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, অপারেটরের লিখিত আবেদন এবং সংশ্লিষ্ট কমিশনারের সুপারিশের ভিত্তিতে বোর্ড বিধি ৫ এর যেকোনো শর্ত যুক্তিসঙ্গত কারণে এবং নির্ধারিত সময়ের জন্য শিথিল করিতে পারিবে।

(৩) সংশ্লিষ্ট কমিশনার যুক্তিসঙ্গত কারণে প্রয়োজন মনে করিলে নিজ বিবেচনায় কাস্টমস প্রাঙ্গানে যেকোনো পণ্য প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণ বিষয়ে বিধি-নিষেধ আরোপ বা নির্দেশ দিতে পারিবেন।

**৭। অপারেশন শুরুকরণ।**– অপারেটর কর্তৃক বেসরকারি বন্দর/ টার্মিনাল অপারেশন শুরু করার ক্ষেত্রে আইন ও বিধি মোতাবেক সকল শর্তাবলি পূরণ হইয়াছে মর্মে কমিশনার অব কাস্টমস এর নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে তাহার লিখিত অনুমতি প্রাপ্তি সাপেক্ষে অপারেটর কার্যক্রম শুরু করিতে পারিবে।

**৮। বন্দর কর্তৃপক্ষের সহিত আলোচনা।**– অপারেটর কর্তৃক যথাযথভাবে শর্ত পরিপালন ও ফলপ্রসূ বাস্তবায়নের নিমিত্ত কাস্টমস কর্তৃপক্ষ নিয়মিতভাবে সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের সহিত আলোচনা ও মতবিনিময় করিবে।

**৯। মনিটরিং, তদারকি ও পর্যবেক্ষণ।-** (১) বেসরকারি বন্দর বা টার্মিনাল সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার আইন ও বিধির যথাযথ প্রয়োগের বিষয়ে তদারকি করিবেন এবং অপারেটর এর যেকোনো পরিপালন বা বিচ্যুতির ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কমিশনার অব কাস্টমস-কে অবহিত করিবেন।

(২) অপারেটরের কার্যক্রম ও কমপ্লায়েন্স মূল্যায়ন, বিশেষ করে আইন ও বিধির পরিপালন মূল্যায়নের নিমিত্ত বোর্ড একটি উপযুক্ত ইলেকট্রনিক কমপ্লায়েন্স রেটিং সিস্টেম (CRS) প্রতিষ্ঠা করিবে, অপারেটরের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগের জন্য এই সিস্টেম ব্যবহার করা যাইবে।

**১০। বেসরকারি বন্দর বা টার্মিনাল প্রাঙ্গন এর বাইরে স্থাপিত বর্ধিত বা অতিরিক্ত স্থাপনা।**– (১) কতিপয় শিল্পের প্রয়োজনে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর অনুমতিক্রমে বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর কর্তৃক প্রদত্ত বন্দর বা টার্মিনাল সেবা উক্ত বন্দর বা টার্মিনাল এর বাইরে অনধিক ৫ (পাঁচ)

কিলোমিটার দূরত্বের মধ্যে বর্ধিত/সম্প্রসারিত করার লক্ষ্যে বর্ধিত বা অতিরিক্ত স্থাপনা তৈরি করা যাইবে।

(২) উক্তরূপ বর্ধিত/সম্প্রসারিত স্থাপনার ক্ষেত্রেও শর্তাবলি, নিয়ম-কানুন ও আইনি বিধি-বিধান মূল বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর এর অনুরূপভাবে প্রযোজ্য হইবে।

(৩) উক্তরূপ বর্ধিত/সম্প্রসারিত স্থাপনার মধ্যে অন্তর্ভুক্ত হইবে-

(ক) খালাসকৃত বা অখালাসকৃত পণ্যচালানের জন্য কন্টেইনার ইয়ার্ড/ ডিপো;

(খ) কন্টেইনার কার্গো এবং রিফার প্লাগ-ইনস সহ অন্যান্য হ্যান্ডলিং সেবা সংরক্ষণের জন্য কন্টেইনার ইয়ার্ড;

(গ) বন্দর বা টার্মিনালে স্থানান্তরের পূর্বে এক্সপোর্ট ড্রপ-অফ সার্ভিস;

(ঘ) Assorted পণ্যচালানের জন্য কন্টেইনার ফ্রেইট স্টেশন;

(ঙ) খালি কন্টেইনার ডিপো;

(চ) অন্যান্য ভ্যালু এডেড সেবা যেমন- কাস্টমস পরীক্ষণ ও খালাসের জন্য স্থান, কমিশনার অব কাস্টমস এর অনুমতিক্রমে বলবৎ আইন ও বিধি মোতাবেক অনট্র্যাপো বাণিজ্যের ব্যবস্থা ইত্যাদি।

**১১। লাইসেন্সের আবেদন দাখিল, অনুমোদন প্রক্রিয়া ও পর্যালোচনা।-** (১) অপারেটর হইতে ইচ্ছুক এমন প্রতিষ্ঠান নির্ধারিত পরিশিষ্ট-ক এ বর্ণিত ফরম পূরণ করিয়া এবং সরকারি কোষাগারে যথাযথ কোডে আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) লক্ষ টাকা জমা প্রদানপূর্বক ফর্মে উল্লেখিত সকল দলিলাদি সংযুক্ত করে কমিশনার অব কাস্টমস বরাবর প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল সংশ্লিষ্ট এলাকা কাস্টমস বন্ডেড এরিয়া ঘোষণা এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রাথমিক সম্মতি/অনুমোদনের জন্য আবেদন দাখিল করিবেন।

(২) আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট কমিশনার প্রস্তাবিত স্থান/স্থাপনাটি সরেজমিনে পরিদর্শন করিবেন এবং সন্তোষজনক বিবেচিত হইলে প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল সংশ্লিষ্ট এলাকা কাস্টমস বন্ডেড এরিয়া ঘোষণা এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রাথমিক সম্মতি/অনুমোদনের জন্য

৩০ (ত্রিশ) দিনের মধ্যে মতামত সহকারে প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

(৩) জাতীয় রাজস্ব বোর্ড সন্তোষজনক বিবেচিত হইলে প্রস্তাবিত এলাকা বন্ডেড এরিয়া ঘোষণা করিবে এবং বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনের জন্য প্রাথমিক সম্মতি/অনুমোদন প্রদান করিবে।

(৪) বোর্ডের প্রাথমিক সম্মতি/অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারী সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ ও নৌপরিবহন মন্ত্রণালয় এর নিকট হইতে এ সংক্রান্ত অনুমতি গ্রহণ করিবে।

(৫) বোর্ডের প্রাথমিক অনুমতি এবং বন্দর কর্তৃপক্ষ ও নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমতির পর সংশ্লিষ্ট কমিশনার আবেদনকারী বরাবর বন্ড লাইসেন্স ইস্যু করিবেন, লাইসেন্সের শর্ত ও সীমা নির্ধারণ করিবেন এবং অনুমোদিত স্থাপনা নকশা (Layout Plan) মোতাবেক কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট স্থাপনসহ অন্যান্য স্থাপনা নির্মাণের অনুমতি প্রদান করিবেন।

(৬) বেসরকারি বন্দর বা টার্মিনালের অবকাঠামো নির্মাণ এবং প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট স্থাপন সম্পন্ন হলে আবেদনকারী সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর চূড়ান্ত অনুমোদনের জন্য আবেদন করিবেন, তৎপ্রেক্ষিতে পরিশিষ্ট-খ অনুযায়ী গঠিত কমিটি স্থাপনাটি পরিদর্শন করিবেন এবং ৩০ (ত্রিশ) কার্যদিবস এর মধ্যে কমিশনার বরাবর প্রতিবেদন দাখিল করিবেন এবং কমিশনার পুনরায় মতামতসহ প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডে প্রেরণ করিবেন।

(৭) বোর্ড, কমিশনার এর প্রতিবেদন সন্তোষজনক বিবেচিত হওয়া সাপেক্ষে বেসরকারি বন্দর বা টার্মিনাল স্থাপনে চূড়ান্ত লিখিত অনুমোদন প্রদান করিবে এবং তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার ৫ (পাঁচ) বছরের জন্য Certificate of Authority to Operate ইস্যু করিবেন।

(৮) উক্তরূপে প্রদত্ত অনুমতি ৫ (পাঁচ) বছর শেষে কমিশনার অব কাস্টমস পুনরায় পর্যালোচনা করিবেন এবং তাঁর বিবেচনায় সন্তোষজনক বিবেচিত হইলে আরও ০৫ (পাঁচ) বছরের জন্য নবায়ন করিতে পারিবেন, তবে উল্লেখ থাকে যে, Authorized Economic Operator (AEO) তালিকাভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নবায়ন হইবে ১০ (দশ) বৎসরের জন্য।

(৯) বোর্ড বিশেষ ক্ষেত্রে প্রয়োজন মনে করিলে নির্দিষ্টকৃত/ কন্টেইনার হ্যান্ডলিং/ রপ্তানি কার্যক্রম ও অন্যান্য ক্ষেত্রে বিশেষ দায়িত্ব পালনের নিমিত্ত প্রাথমিক পর্যায়ে সাময়িক/অস্থায়ী অনুমতি প্রদান করিতে পারিবে, সেক্ষেত্রে ১

(এক) বছর সন্তোষজনকভাবে কার্যক্রম পরিচালনার প্রেক্ষিতে বোর্ড কর্তৃক পূর্ণ অপারেশন্স এর জন্য অনুমতি প্রদান করা যাইবে।

**১২। বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটরের অনুমোদন স্থগিত/বাতিল।**-(১) আইনের বা এই বিধিমালার কোনো বিধান, নিয়ম, নির্দেশনা বা কোনো আদেশ লঙ্ঘন করিলে কমিশনার অব কাস্টমস উক্ত বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর এর লাইসেন্স/অনুমোদন স্থগিত বা বাতিল করিতে পারিবেন এবং নিরাপত্তা জামানতও বাজেয়াপ্ত করতে পারিবেন; তবে বাতিলের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) যাহা কিছুই বর্ণিত থাকুক, কমিশনার অব কাস্টমস বিশেষ পরিস্থিতিতে যেখানে দ্রুত ব্যবস্থা গ্রহণ জরুরি এইরূপ ক্ষেত্রে, এমনকি কোনো তদন্ত চলমান অবস্থাতেও, বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর এর লাইসেন্স বাতিল করিতে পারিবেন এবং সেক্ষেত্রে যথাযথ কারণ লিপিবদ্ধ করিয়া বোর্ডকে অবহিত করিবেন।

**১৩। অপারেটর এর অনুমতি স্থগিত/বাতিলকরণ ও অপারেটরের লাইসেন্স জরিমানা আরোপের পদ্ধতি।**— (১) সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস স্থগিত/বাতিল/জরিমানা করার প্রস্তাবের কারণ উল্লেখ করিয়া, অপারেটরকে লিখিত নোটিশ প্রেরণ করিবেন যেখানে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন সময় প্রদান করিবেন এবং অপারেটর চাইলে তাঁহাকে ব্যক্তিগত শুনানির সুযোগ দেয়া যাইবে এবং কমিশনার এর পক্ষে দায়িত্বপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার লিখিত জবাব চাইতে পারিবেন।

(২) অপারেটরের নিকট হইতে জবাব পাওয়ার পর, অথবা নির্দিষ্ট সময়সীমার মধ্যে জবাব না আসিলে সংশ্লিষ্ট অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অভিযোগগুলো তদন্ত করিবেন এবং অপারেটর কর্তৃক অস্বীকৃত বিষয়গুলো যদি থাকে, খতিয়ে দেখিবেন।

(৩) তদন্তকারী অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার প্রাসঙ্গিক সাক্ষ্যগ্রহণ, দলিলাদি পর্যালোচনা, সাক্ষীদের জেরাকরণ ও প্রয়োজনীয় প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন।

(৪) অপারেটর অভিযোগপক্ষের সাক্ষীদের পাল্টা-জেরা করার অধিকার রাখিবেন এবং কোনো সাক্ষ্য অপ্রাসঙ্গিক বিবেচিত হইলে তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া তাহা বাতিল করতে পারিবেন।

(৫) তদন্ত শেষে তদন্তকারী অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার বিস্তারিত লিখিত প্রতিবেদন প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর দাখিল করিবেন।

(৬) সংশ্লিষ্ট কমিশনার প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এর কপি অপারেটরকে প্রদান করিবেন এবং তৎপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিল ও ব্যক্তিগত শুনানির জন্য কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন সময় প্রদান করিবেন।

(৭) সংশ্লিষ্ট কমিশনার তদন্ত প্রতিবেদন, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করিয়া যথোপযুক্ত সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৮) যদি অপারেটর সংশ্লিষ্ট আইন ও বিধির কোনো বিধান লঙ্ঘন করেন অথবা লঙ্ঘনে সহায়তা করেন অথবা দায়িত্ব পালনে ব্যর্থ হোন, তাহা হইলে উক্ত অপারেটরকে সর্বোচ্চ ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা আরোপ করা যাইবে, এছাড়া, সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজন মনে করিলে আইনের ধারা ১৭১ এর উপধারা (১) অনুযায়ী অতিরিক্ত দন্ড আরোপ করা যাইবে।

(৯) অপারেটর, কমিশনার এর প্রদত্ত আদেশ বা সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে আইনের ধারা ২২৬ অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইবুনালে আপিল করিতে পারিবেন।

**১৪। বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেশনের অনুমোদন নবায়ন।-** অপারেটর কর্তৃক অনুমোদনের মেয়াদ শেষ হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে নির্ধারিত ফরম ব্যবহার করিয়া কমিশনার অব কাস্টমস বরাবর অনুমোদন নবায়নের জন্য আবেদন দাখিল করিতে হইবে, অপারেটরের সামগ্রিক কর্মদক্ষতা সন্তোষজনক বিবেচিত হইলে এবং আইন, বিধি, বিজ্ঞপ্তি, আদেশ ইত্যাদি অনুসরণে কোনো বড় ধরণের ব্যত্যয় না থাকা সাপেক্ষে কমিশনার উক্ত অনুমোদন আরও ৫ (পাঁচ) বছরের জন্য নবায়ন করিতে পারিবেন এবং এইক্ষেত্রে নবায়নের জন্য ফি বাবদ অপারেটর কর্তৃক ৫ (পাঁচ) লক্ষ টাকা যথাযথ কোডে সরকারি কোষাগারে জমা দিতে হইবে।

**১৫। বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটরের কার্যক্রমের অডিট ও মূল্যায়ন।-** (১) কমিশনার অব কাস্টমস প্রতিটি অপারেটরের কার্যক্রম বিদ্যমান বিধিমালার আলোকে প্রতি বছর অডিট করিবেন এবং বন্ড লাইসেন্স নবায়নের সময় অপারেটর কর্তৃক অডিট রিপোর্ট জমা বাধ্যতামূলক।

(২) প্রতি পঞ্জিকা বৎসর সমাপনান্তে পরিশিষ্ট-গ এ বর্ণিত কমিটি বার্ষিক অডিট সম্পন্ন করিবে এবং ৩১ জানুয়ারির মধ্যে কমিশনার বরাবর প্রতিবেদন দাখিল করিবে।

(৩) অডিট ও মূল্যায়নের সম্পন্ন করার নিম্নোক্ত বিষয়াবলি ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াবলি বিবেচনা করা হইবে, যথা:-

(ক) বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর এর কার্যকারিতা ও সক্ষমতা, অবকাঠামো ও যন্ত্রপাতির মান, জনবল ও প্রশিক্ষণ সক্ষমতা;

(খ) আইসিটি (ICT) অবকাঠামো, সাইবার নিরাপত্তা;

(গ) কাস্টমস ক্লিয়ারেন্স এর গড় সময়;

(ঘ) প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি, জনবল উন্নয়ন;

(ঙ) কার্গো পরিচালনার পরিমাণ;

(চ) কর্মীদের মতামত;

(ছ) আন্তর্জাতিক মান বা স্বীকৃতি;

(জ) রাজস্ব আদায় ও শুল্ক-করাদি পরিশোধ;

(ঝ) শুল্ক ফাঁকি সংক্রান্ত মামলা, জব্দ/অনিয়মের ইতিহাস, আইন/বিধির প্রতি আনুগত্য;

(ঞ) নিলামযোগ্য ও পচনশীল পণ্যের ধ্বংসকরণ;

(ট) সেবার মান;

(ঠ) বিভিন্ন অংশীজনদের সাথে বিরোধ নিষ্পত্তির অবস্থা।

(৪) অডিট বা মূল্যায়নে অনিয়ম ধরা পড়িলে কমিটি সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস-কে রিপোর্ট দাখিল করিবে এবং কমিশনার বিধি ১৩ অনুসারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

**পরিশিষ্ট-ক**
[বিধি ১১(১) দ্রষ্টব্য]

**প্রাপক:**
কমিশনার অব কাস্টমস
---------------------------- (ঠিকানা)।

**বিষয়: বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটর স্থাপন, ব্যবস্থাপনা, পরিচালনা, তদারকি ও কাস্টমস নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২৬ এর আওতায় অনুমোদন/ নবায়ন আবেদনপত্র।**

**মহোদয়/ মহোদয়া,**

আমি/আমরা, নিম্নোক্ত তথ্যাদি প্রদানপূর্বক, উপরোক্ত বিধিমালার আওতায় **বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর** অপারেটর হিসেবে অনুমোদনের জন্য আবেদন করছি:

**১. আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানাঃ**
(ক) আবেদনকারীর নাম: --------------------------------, ইংরেজিতে: -----------------------------
(খ) পূর্ণ ঠিকানা (রেজিস্টার্ড অফিস/ হেড অফিস): --------------------------------------------
(গ) টেলিফোন নম্বর: -----------------------------
(ঘ) ফ্যাক্স নম্বর: -----------------------------
(ঙ) ই-মেইল ঠিকানা: ----------------------------
(চ) পরিচালক/ পার্টনার/ প্রমোটারের নাম ও ঠিকানা: ------------------------------

**২. আবেদনকারীর প্রকৃতি:**
(ক) পাবলিক লিমিটেড কোম্পানি
(খ) প্রাইভেট লিমিটেড কোম্পানি
(গ) একক মালিকানাধীন
(ঘ) পার্টনারশিপ
(ব) অন্যান্য (উল্লেখ করুন)
[সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, আর্টিকেল অফ এসোসিয়েশন এবং মেমরেন্ডাম (কোম্পানির ক্ষেত্রে) আবেদনের সাথে দাখিল করিতে হইবে]

**৩. প্রস্তাবিত স্থাপনার বিবরণ,** আনলোডিং/লোডিং এলাকা, অপারেশনাল এলাকা, স্ট্যাকিং এলাকা, সংরক্ষণ এলাকা, কাস্টমস অফিস, ইউজার এজেন্সির স্থান ইত্যাদির বিস্তারিত অবস্থান উল্লেখ সহকারে লে-আউট প্ল্যান সংযুক্ত করতে হবে।

**৪.** সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন আছে কি? (যদি থাকে, তাহার বিবরণ প্রদান করিতে হইবে)

**৫.** প্রস্তাবিত প্রাঙ্গনের কার্গো/কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা (বিস্তারিত বিবরণ দাখিল করিতে হইবে)

**৬.** অবকাঠামো ও যন্ত্রপাতির বিবরণ (লোডিং/আনলোডিং, স্ট্যাকিং, সংরক্ষণ ও ডেলিভারি সংক্রান্ত)

**৭.** নিরাপত্তা ব্যবস্থার বিবরণ (কার্গো প্রবেশ/বহির্গমন, CCTV, নিরাপত্তা টাওয়ার ইত্যাদি)

**৮.** NII (স্ক্যানার), Weighbridge ও অন্যান্য যন্ত্রপাতির বিবরণ

**৯.** কম্পিউটারাইজড সিস্টেম সংক্রান্ত বিবরণ (কার্গো লোকেশন, ডকুমেন্ট প্রসেসিং ইত্যাদি)

**১০.** আবেদনকারী ইতোমধ্যেই বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেব কাজ শুরু করিয়াছে কীনা? (করিয়া থাকিলে তাহার বিবরণ)

**১১.** আবেদনকারী ইতিপূর্বে কখনো বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর হিসেবে আবেদন করে প্রত্যখ্যাত হইয়াছে কি না? (হইয়া থাকিলে তাহার বিবরণ)

**১২.** আবেদনকারী কোনো আইনে (Customs Act, 1969/ কাস্টমস আইন, ২০২৩/ অন্যান্য আইন) দন্ডিত/অভিযুক্ত হইয়াছেন কিনা?

**১৩.** নবায়ন আবেদন হলে, পূর্বের অনুমোদন/নবায়নের তারিখ উল্লেখ করুন

**১৪.** সংযুক্ত নথির তালিকা (তফসিল মোতাবেক)

**১৫.** ঘোষণা:
আমি/আমরা ঘোষণা প্রদানের জন্যও যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত; এবং
প্রদত্ত তথ্য ও দলিলাদি সম্পূর্ণ সত্য।

আমি/আমরা এসংক্রান্ত বিধিমালা সম্পূর্ণ পড়েছি এবং তা পালনে অঙ্গীকারবদ্ধ, এবং কোনো প্রদত্ত তথ্যে কোনরূপ পরিবর্তন হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবহিত করবো।

তারিখ: ----------------------------------
স্বাক্ষর: ----------------------------------
আবেদনকারী/ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী
স্থান: ----------------------------------

**(বন্ডেড এরিয়া ঘোষণা ও প্রাথমিক অনুমোদনের জন্য প্রয়োজনীয় নথি)**

| **Application Schedule (Paragraph-A)** |
|---|
| চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় নথি |
| ১. আবেদনকারীর নাম ও ঠিকানা<br>২. প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা<br>৩. স্থাপনার প্রস্তাবিত অবস্থান (মৌজা/খতিয়ান/দাগ নম্বরসহ)<br>৪. পূর্ণ ঠিকানা<br>৫. স্থাপনার আয়তন (বর্গফুট)<br>৬. প্রস্তাবিত ওয়্যারহাউস স্থাপনের যৌক্তিকতা<br>৭. জমির মালিকানা/লিজ ডকুমেন্ট<br>৮. নিকটবর্তী হাইওয়ে/রেলস্টেশন/বন্দর/এয়ারপোর্ট থেকে দূরত্ব (অনাপত্তি সনদসহ)<br>৯. পরবর্তী ৫ বছরের কার্গো হ্যান্ডলিং পূর্বাভাস<br>১০. প্রতিষ্ঠানের ৫ বছরের অভিজ্ঞতার সনদ<br>১১. ৫ বছরের কার্গো হ্যান্ডলিং পরিসংখ্যান<br>১২. ওয়্যারহাউসের 3D/স্থাপত্য নকশা<br>১৩. প্রাক্কলিত বিনিয়োগ, খরচ ও বাস্তবায়নকাল<br>১৪. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট,<br>১৫. ট্রেড লাইসেন্স, VAT, TIN<br>১৬. আবেদন ফি জমার রসিদ |
| |

| Application Schedule (Paragraph–B) |
|---|
| চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় নথি |
| ১. অবকাঠামো সুবিধার সম্পূর্ণ বিবরণ<br>২. যন্ত্রপাতির তালিকা<br>৩. প্রস্তাবিত ট্যারিফ সিডিউল<br>৪. দীর্ঘমেয়াদি ব্যবস্থাপনা পরিকল্পনা<br>৫. বাংলাদেশ ব্যাংকের অনুমতি (বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ধারা ১৮A/১৮B)<br>৬. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র<br>৭. ট্রেড লাইসেন্স, VAT সার্টিফিকেট<br>৮. ফায়ার লাইসেন্স<br>৯. অগ্নি/দুর্যোগ বিমা সনদ<br>১০. Memo & Articles of Association<br>১১. বিধিমালায় উল্লেখিত অন্যান্য কাগজপত্র<br>১২. কমিশনার অব কাস্টমস এর চাহিদানুযায়ী অতিরিক্ত নথিপত্র |

**পরিশিষ্ট-খ**

[বিধি ১১(৬) দ্রষ্টব্য]

**(প্রস্তাবিত বেসরকারি বন্দর বা টার্মিনাল অপারেটর ও যন্ত্রপাতি/সরঞ্জামাদি পরিদর্শন কমিটি)**

১. অতিরিক্ত কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) - **আহ্বায়ক**
২. যুগ্ম কমিশনার - **সদস্য**
৩. উপ/সহকারী পরিচালক (কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) - **সদস্য**
৪. উপ/সহকারী কমিশনার (কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট) - **সদস্য**
৫. বাংলাদেশ পুলিশ এর উপযুক্ত প্রতিনিধি (সহকারী পুলিশ সুপার বা সমমান বা তদূর্ধ্ব) - **সদস্য**
৬. সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি - **সদস্য**
৭. উপ/সহকারী কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) - **সদস্য সচিব**

**পরিশিষ্ট-গ**

[বিধি ১৫(২) দ্রষ্টব্য]

**(পারফরম্যান্স মূল্যায়ন কমিটি)**

১. অতিরিক্ত/যুগ্ম কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) - **আহ্বায়ক**
২. উপ/সহকারী পরিচালক (কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) - **সদস্য**
৩. উপ/সহকারী কমিশনার (কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট)- **সদস্য**
৪. সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি - **সদস্য**
৫. উপ/সহকারী কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) - **সদস্য সচিব**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।